অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আমস্টার্ডামে প্রবীণদের জন্য সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের 47 মিলিয়ন ডলারের আপগ্রেডের প্রথম পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টে উল্লেখযোগ্য পুনর্বাসন কাজ এখন সম্পন্ন হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের সংস্কারকাজ চলমান রয়েছে

প্রকল্পটি চূড়ান্ত পর্যায়ে গিয়ে পাবলিক হাউজিং কমপ্লেক্সের 191 জন প্রবীণের পরিবারের জন্য সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি সংরক্ষণ করবে, জ্বালানি দক্ষতা ও নিরাপত্তা উন্নত করবে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ আমস্টার্ডাম সিটিতে প্রবীণদের জন্য নির্মিত একটি পাবলিক হাউজিং উন্নয়ন প্রকল্পের 47.4 মিলিয়ন ডলারের সংস্কার কাজের প্রথম পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস (Stratton Apartments)-এ এখন সংস্কারকাজ সম্পন্ন হয়েছে, যেখানে প্রবীণদের জন্য 75টি নিরাপদ, জ্বালানি দক্ষতাসম্পন্ন ও সাশ্রয়ী বাড়ি রয়েছে। 116 ইউনিটের নিউ আমস্টার্ডাম অ্যাপার্টমেন্টস (New Amsterdam Apartments) আপগ্রেডের জন্য প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের নির্মাণকাজও চলমান রয়েছে।

"সমৃদ্ধ কমিউনিটি গড়ে তোলা ও উন্নয়নের জন্য সাশ্রয়ী আবাসন একটি গুরুত্বপূর্ণ বিষয়," **বলেছেন গভর্নর হোকল।** "আমস্টার্ডামব্যাপী প্রবীণরা যাতে শুধু মর্যাদা ও নিরাপত্তার সঙ্গে বসবাসই নয়, বরং সিটির পুনরুজ্জীবিতকরণের ক্ষেত্রে ভূমিকা পালন করার সুযোগ পান তা নিশ্চিত করতে স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস-এর এই সংস্কারকাজ অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। এর মধ্যে 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী একটি নতুন আবাসন পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে যা সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি সহ নিউ ইয়র্ক ব্যাপী শহর ও গ্রামীণ অঞ্চলে আরো 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি ও সংরক্ষণ করবে, নতুন বাড়ি নির্মাণ বৃদ্ধি করবে, এবং আবাসন বাজারের অসমতা মোকাবেলা করবে।

1970 এর দশকে নির্মিত স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টসে 95 ডিভিশন স্ট্রিটে অবস্থিত একটি সাত-তলা ভবনে 75টি অ্যাপার্টমেন্ট রয়েছে। সবগুলো অ্যাপার্টমেন্ট এরিয়া মধ্যমান আয়ের 80 শতাংশের সমান বা কম আয় রয়েছে এবং পরিবারে 62 বছর বা তারবেশি বয়সী কমপক্ষে একজন সদস্য আছেন এমন পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

সংস্কার কাজের মধ্যে অ্যাসবেস্টস সরানো, নতুন জানালাগুলোর এনক্যাপসুলেশন ও ইনস্টলেশন, কমন দরজা, জ্বালানি দক্ষতাসম্পন্ন গরম পানির বয়লার ও LED বাতি লাগানো ইত্যাদি অন্তর্ভুক্ত ছিল। সবগুলো অ্যাপার্টমেন্টের রান্নাঘর ও বাথরুম এনার্জি স্টার-রেটেড অ্যাপ্লায়েন্স ও ফিক্সচার দিয়ে আপগ্রেড করা হয়েছে।

স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টসের আবাসিক সুবিধাগুলোর মধ্যে আউটডোর পার্কিং, আউটডোর চিত্তবিনোদনের জায়গা, একটি কমিউনিটি রুম, কম্পিউটার ল্যাব ও লন্ড্রি রুম ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস হাসপাতাল, মুদি দোকান, পার্ক, ও বাণিজ্যিক ব্যবসা প্রতিষ্ঠান সহ সব ধরনের বৃহৎ পরিষেবাগুলোর এক মাইল দূরত্বের মধ্যে অবস্থিত। একটি নিয়মিত সময়সূচি অনুযায়ী চলাচলকারী একটি সিটি বাস দিনে কয়েকবার এই ভবনের সামনে থামে।

স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস এর কাজ সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে প্রকল্পটির দ্বিতীয় পর্যায়ের সংস্কারকাজও শুরু হয়েছে। নিউ আমস্টার্ডাম অ্যাপার্টমেন্টসে 26 ওয়াল স্ট্রিটে অবস্থিত একটি 12-তলা ভবনে 116টি অ্যাপার্টমেন্ট রয়েছে। এই ভবনের সংস্কারকাজ 2023 সালে শেষ হবে।

ডেভেলপার হচ্ছে আমস্টার্ডাম হাউজিং অথোরিটি (Amsterdam Housing Authority) এবং 3D ডেভেলপমেন্ট গ্রুপ LLC (3D Development Group LLC)। এই দুই পর্যায়ের উন্নয়ন প্রকল্পের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 9.3 মিলিয়ন ডলারের স্থায়ীভাবে করমুক্ত বন্ড, নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের কর ক্রেডিট যা 15.9 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে, এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 15.6 মিলিয়ন ডলারের ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority) 136,500 ডলারের সহায়তা প্রদান করছে।

HCR-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "কোভিড মহামারী নির্দিষ্ট আয়ের মধ্যে জীবনযাপনকারী প্রবীণ ব্যক্তিদের জন্য সন্তোষজনক আবাসন অপশনের স্বল্পতাকে আরো খারাপের দিকে নিয়ে গেছে। 47 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ 191টি পরিবারের জন্য সামর্থ্যের মধ্যে থাকার বিষয়টি সংরক্ষণ করবে, আপগ্রেডকৃত ও জ্বালানি দক্ষতাসম্পন্ন সুযোগ-সুবিধা নিয়ে জীবনযাত্রার মান উন্নত করবে, এবং ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখবে। আমস্টার্ডাম হাউজিং অথোরিটি এবং 3D ডেভেলপমেন্ট এর সঙ্গে আমাদের অংশীদারিত্বের কল্যাণে, এই অতি গুরুত্বপূর্ণ আবাসন সংস্থান আমস্টার্ডামের প্রবীণদের অব্যাহতভাবে সেবা দিয়ে যাবে এবং অধিবাসীদেরকে তাদের ক্রয়ক্ষমতার মধ্যে থাকা বাড়িগুলোতে মর্যাদা ও নিরাপত্তার সঙ্গে বসবাস করার সুযোগ করে দিবে।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "নিম্ন-আয়ের প্রবীণদের জন্য জ্বালানি দক্ষতাসম্পন্ন, স্বাস্থ্যকর ও স্বাচ্ছন্দ্যপূর্ণ সাশ্রয়ী আবাসন আপগ্রেড করার দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু হওয়ার মধ্যে দিয়ে আমস্টার্ডাম হাউজিং অথোরিটির সংস্কার প্রকল্পের অগ্রগতি ঘটছে দেখে আমরা আনন্দিত। পুরো প্রকল্পে অধিবাসীরা নতুন জানালা এবং জ্বালানি দক্ষতাসম্পন্ন ফিক্সচার ও অ্যাপ্লায়েন্সের সুবিধা উপভোগ করবেন, যা স্টেটের ক্ষতিকর নির্গমন কমিয়ে আনা এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার প্রচেষ্টায় সহায়তা করে, এবং একই সময়ে সব নিউ ইয়র্কবাসীদের নির্মল জ্বালানি খাতে বিনিয়োগের সুবিধা পাওয়া নিশ্চিত করে।"

সিনেটর মিশেল হিনচি বলেন, "আমাদের স্টেট ও ফেডারেল অংশীদারদের দ্বারা এই সহযোগিতামূলক বিনিয়োগ আমস্টার্ডাম সিটির স্ট্র্যাটন অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সে 191 জন প্রবীণের পরিবারে পুনরুজ্জীবিতকরণের সুযোগ নিয়ে আসবে — এটি এমন একটি প্রচেষ্টা যা ভবনের আধুনিকায়নের একটি সামগ্রিক উপায়ের মধ্য দিয়ে অধিবাসীদের জীবনযাপনের মান দারুণভাবে উন্নত করবে। জ্বালানি দক্ষতার উপর জোর দেয়া জলবায়ুমুখী আপগ্রেড বাস্তবায়ন থেকে শুরু করে নিরাপত্তামূলক উন্নয়ন জোরদার করা এবং অধিবাসীদের জন্য কম্পিউটার ল্যাব পরিষেবার মতো গুরুত্বপূর্ণ অন-সাইট সুযোগ-সুবিধা সম্প্রসারণ পর্যন্ত — এটি এমন একটি প্রকল্প যে ধরনের প্রকল্পগুলো আমাদের অঞ্চলে আরো বেশি প্রয়োজন এবং আমাদের আমস্টার্ডাম কমিউনিটি এই নবায়নকৃত বিনিয়োগ পাওয়ার অধিকারী। আমাদের প্রতিবেশীদের এক জায়গায় নিরাপদে বেড়ে উঠতে সাহায্য করার জন্য প্রবীণদের জন্য মানসম্মত, সাশ্রয়ী আবাসন এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি অপরিহার্য হয়ে পড়েছে। আমি গভর্নর হোকল এবং আমাদের স্টেট ও ফেডারেল অংশীদারদের আমাদের স্থানীয় আবাসন চাহিদাকে অগ্রাধিকার দেয়ার জন্য ধন্যবাদ জানাই, যে বিষয়টিকে আমরা এবছর আপস্টেট নিউ ইয়র্ক ব্যাপী আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো।"

অ্যাসেম্বলি সদস্য অ্যাঞ্জেলো সান্তাবারবারা বলেন, "আমাদের কমিউনিটিতে সাশ্রয়ী আবাসনের সম্প্রসারণ ঘটানো একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য এবং আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ, এবং সেকারণেই আমি এই প্রকল্পের প্রয়োজনীয় তহবিলের জন্য সমর্থন প্রদান করেছি। এই নতুন সংস্কারকৃত অ্যাপার্টমেন্ট কমপ্লেক্স প্রবীণদের আধুনিক, অধিকতর নিরাপদ আবাসনে বসবাসের সক্ষমতা প্রদান করবে এবং তাদের পরিবার, বন্ধু-বান্ধব ও তাদের কমিউনিটির সঙ্গে যুক্ত থাকারও সুযোগ করে দিবে। এখানে আমস্টার্ডাম সিটিতে সাশ্রয়ী আবাসনের অপশনগুলোকে শক্তিশালী করা এই প্রকল্পের কাজ অব্যাহত রয়েছে দেখে আমি উচ্ছসিত।"

আমস্টার্ডামের মেয়র মাইকেল সিনকোয়াতি বলেন, "প্রকল্পটির কাজ শেষ হয়ে আসার ঠিক আগে আমরা স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস এর কয়েকটি সংস্কারকৃত অ্যাপার্টমেন্ট ও হালনাগাদকৃত সুযোগ-সুবিধা ঘুরে দেখার সুযোগ পেয়েছিলাম। ভবনের বাসিন্দাদের নিরাপত্তা ও স্বাচ্ছন্দ্য বৃদ্ধি করবে এমন নকশাগত বৈশিষ্ট্য একীভূতকরণ এবং জ্বালানি দক্ষতা ও ভবিষ্যত রক্ষণাবেক্ষণের সহজতার উপর জোর দেয়ার বিষয়টি অত্যন্ত অসাধারণ ছিল। আমস্টার্ডামের প্রবীণদের জন্য মানসম্মত আবাসনের ব্যবস্থা করতে এই অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য আমাদের সিটির পক্ষ থেকে আমি AHA-কে ধন্যবাদ জানাই।"

3D ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট ব্রুস লেভিন বলেন, "HCR, আমস্টার্ডাম হাউজিং অথোরিটি, আমসস্টার্ডাম সিটি এবং ডেভেলপমেন্ট টিমের মধ্যকার সহযোগিতামূলক প্রচেষ্টাই এই প্রকল্পকে একটি ধারণা থেকে স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস এর উদ্বোধন এবং নিউ আমস্টার্ডাম অ্যাপার্টমেন্টস এর নির্মাণকাজ শুরু হওয়ার বর্তমানের এই অবস্থানে নিয়ে এসেছে।"

আমস্টার্ডাম হাউজিং অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর দামারিস কারবোন বলেন, "এই প্রকল্পে তাদের সহায়তার জন্য আমরা গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-কে ধন্যবাদ জানাই। আমস্টার্ডাম হাউজিং অথোরিটির জন্য অগ্রাধিকার হলো ভাড়াটিয়াদের জন্য নিরাপদ, মানসম্মত বসবাসের পরিবেশ প্রদান করা। মানসম্মত আবাসন আশেপাশের এলাকায় স্থিতিশীলতা নিয়ে আসা এবং আমস্টার্ডামের পুনরুজ্জীবিতকরণ অব্যাহত রাখার চাবিকাঠি।"

Montgomery County Executive Matthew L. Ossenfort said, "প্রবীণদের জন্য সাশ্রয়ী ও নিরাপদ আবাসনের ব্যবস্থা থাকা আমাদের কমিউনিটির জন্য অনেক বেশি গুরুত্বপূর্ণ, বিশেষ করে আমাদের বয়স্ক জনগোষ্ঠীর সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাওয়ার এই সময়ে। স্ট্র্যাটন অ্যাপার্টমেন্টস-এ সম্পন্ন হওয়া কাজের জন্য আমি সাধুবাদ জানাই এবং দ্বিতীয় পর্যায়ের কাজও সম্পন্ন হওয়ার প্রত্যাশায় রয়েছি, যা আমস্টার্ডাম সিটিতে আমাদের প্রবীণ বাসিন্দাদের জন্য নিজের বাড়ি হিসেবে পরিচয় দেয়ার মতো একটি নিরাপদ, স্বাচ্ছন্দ্যপূর্ণ পরিবেশ লাভের আরো বেশি সুযোগ তৈরি করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন